



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

নথি নং-৩৭.১১.৮০৪১.৫০১.০১.৬.২০.১৭৮৩০

তারিখ: ১৯-০৬-২০২৪ খ্রি.

বিষয় : তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ২৭-০৭-২০২৩ তারিখের অনলাইন আবেদন (আইডি-২১৯৬৪)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলাধীন কুতুবপুর মাধ্যমিক বিদ্যালয়ের চলমান ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ মনির উদ্দিন বিশ্বাস, পিতা: মোঃ জালাল উদ্দীন বিশ্বাস-এর বিরুদ্ধে বিদ্যালয়ের প্রধান শিক্ষক একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন নিষ্পত্তিরকারীর নিকট প্রেরণ করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অভিযোগের ছায়া কপি সংযুক্ত

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাক্ষরিত

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

০২৪৭৭৭৬২৭০৫

নথি নং-৩৭.১১.৮০৪১.৫০১.০১.৬.২০.১৭৮৩০(৬)

তারিখ: ১৯-০৬-২০২৪ খ্রি.


অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
- ২। জেলা শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
- ৪। প্রধান শিক্ষক, কুতুবপুর মাধ্যমিক বিদ্যালয়, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
- ৫। জনাব মোঃ আব্দুল বারিক, অভিযোগকারী।
- ৬। অফিস নথি।

১৯-০৬-২০২৪

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর



কুতুবপুর মাধ্যমিক বিদ্যালয়

ডাকঘরাট পৌরপুর কুল্লা, উপজেলাট দামুড়হদা, জেলাট চুয়াডাঙ্গা।

স্থাপিত: ১৯৭৩

ই.আই.আই.এন: ১১৫৩৪০

বিদ্যালয় কোড: ৫৫৫৭

মোবাইল: ০১৭১০-৮৬২৮২১

E-mail: kutubpursecondary18@gmail.com

||

তারিখ: ২৭/০৭/২৩ ইং

স্মারক নং: ফা- ৩০/৩৭(২)/২৩

বরাবর,

বিদ্যালয় পরিদর্শক


মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

বিষয়: প্রধান শিক্ষকের টেবিলের প্লাস ভাঁচুরপুরক প্রধান শিক্ষককে মানসিক ও শারীরিকভাবে লাক্ষিত করায় সভাপতি মোঃ মনির উদ্দিন বিশাস, পিতামোঃ মোঃ জালাল উদ্দিন বিশাস, কুতুবপুর মাধ্যমিক বিদ্যালয় এর বিমুক্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রস্তু।

জনাব,

উর্ধ্বরূপ বিষয়ের পরিপ্রেক্ষিতে যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক আগনাকে জানানো যাইতেছে যে, আগনার শিক্ষা বোর্ডের অধীন কুতুবপুর মাধ্যমিক বিদ্যালয় ডাকঘরাট পৌরপুরকুল্লা, উপজেলাট দামুড়হদা, জেলাট চুয়াডাঙ্গা, ইআইআইএন-১১৫৩৪০ এ কর্মচারী নিয়োগ কে কেন্দ্র করিয়া বিদ্যালয় এলাকার কে বা কাহারা পত্রিকায় সভাপতির বিমুক্তে ৩৮ লক্ষ টাকার নিয়োগ বাণিজ্যের অভিযোগ আনয়ন করেন এবং নিরাপত্তা কর্তৃ পদের একজন প্রার্থী তাহার পদে নিয়োগ পরীক্ষার প্রবেশ প্রত না পাওয়ায় দামুড়হদা সহকারী জজ আদালতে দে-১১৪/২৩ নং মামলা দায়ের করিলে বিজ্ঞ আদালত ২৬-০৬-২৩ ইং তারিখের নিয়োগ পরীক্ষার উপর অন্তর্বর্তী কালীন নিষেধাজ্ঞা সহ বিবাদিগনের বিমুক্তে ২০ দিনের শোকজ নেটিশ করেন। নিয়োগ পরীক্ষা বাস্তবায়ন করিতে না পারায় ক্ষিপ্ত হইয়া পরীক্ষার দিন নিয়োগ বোর্ডে উপস্থিত সকলের সামনে সভাপতি মোঃ মনির উদ্দিন বিশাস প্রধান শিক্ষককে চাকরী থেকে সামগ্রে করিবার হয়কি প্রদর্শন করেন সেই সাথে বিদ্যালয়ে চুক্তে না দেয়ার হয়কি দেন। এই ঘটনার পরিপ্রেক্ষিতে গত ২৬-০৭-২৩ইং তারিখে সকাল ১০.৩০ ঘটিকা সময় সভাপতি মোঃ মনির উদ্দিন বিশাস ২ জন সদস্য যথাক্রমে মোঃ কালাম হোসেন, পিতামোঃ আবু এবং মোঃ আকবর আলী, শিতা মোঃ জিয়াদ আলী, কুতুবপুর মাধ্যমিক বিদ্যালয় সহ প্রধান শিক্ষকের অফিস কক্ষে প্রবেশ করিয়া প্রধান শিক্ষককে জরুরী সভা ডাকার জন্য তাপিদ দিলে প্রধান শিক্ষক জরুরী সভা ডাকার কারণ জানতে চান এর পর পরই সভাপতি উত্তেজিত হইয়া অক্ষয় ভাষায় গালিগালাজ করতাম মারমুখি আচরণে প্রধান শিক্ষকের টেবিলের প্লাসটিক সঙ্গের হাতের আঘাতে ভাঁচুর করেন। রক্তাক্ত হাতের প্রধান শিক্ষক কে মারতে উদ্দিত হইলে প্রধান শিক্ষকের পরিধেয় পানজাবি ও পায়জামায় তীব্রার হাতের রক্তের কতগুলো ফোটা গড়িয়ে পড়ে। সভাপতির একান্ত সহযোগী সদস্য মোঃ কালাম হোসেন রাগাত্মিত অবস্থায় প্রধান শিক্ষকের সাথে মারমুখি আচরণ করেন। প্রধান শিক্ষকের অফিস কক্ষে শিক্ষকমণ্ডলীর সামনে বিদ্যালয়ের সভাপতি ও একজন সদস্যের এহেন অমানবিক আচরণে প্রধান শিক্ষক হিসাবে আমি চরমভাবে অসম্মানিত ও লজ্জিত। এতে করে আমি মানসিক ও শারীরিক ভাবে বিপর্যস্ত। বিদ্যালয়ের সম্পদ বিনষ্ট সহ প্রধান শিক্ষক কে লাক্ষিত করিবার মত অপরাধের তদন্তপূর্বক দৃষ্টান্তমূলক আইনগত জরুরী ব্যবস্থা গ্রহণের প্রয়োজন।

অতএব সভাপতির এহেন আচরণের বিমুক্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে মর্জি হয়।



(মোঃ আব্দুর রোব)

প্রধান শিক্ষক

কুতুবপুর মাধ্যমিক বিদ্যালয়

দামুড়হদা, চুয়াডাঙ্গা।

মোঃ আব্দুর রোব

প্রধান শিক্ষক

কুতুবপুর মাধ্যমিক বিদ্যালয়

দামুড়হদা, চুয়াডাঙ্গা

মোবাইল: ০১৭১০-৮৬২৮২১